



লাভ-ক্ষতির হিসাব কি?

অধিকাংশ কৃষকই তার মৎস্য চাষের প্রকৃত খরচ কত তা জানেন না বা এর কোন হিসাব রাখেন না কিন্তু এটি জানা অত্যন্ত জরুরি। একজন কৃষক তার মৎস্য চাষের পর সেই মাছ বাজারে বিক্রয় করলে কি পরিমাণ লাভ বা ক্ষতি হয় তা জানার জন্যে যে হিসাব রাখা হয় সেটি লাভ-ক্ষতির হিসাব।

লাভ-ক্ষতির হিসাব কেন রাখবেন?

মৎস্য চাষ পেশাকে দক্ষ ভাবে পরিচালনার জন্যে সকল আর্থিক লেনদেনের হিসাব সঠিকভাবে লিখে রাখা দরকার। লাভ-ক্ষতির হিসাবের মাধ্যমে একজন কৃষক তার সকল লেনদেনের (খরচ) একটি সাধারণ হিসাব রাখতে পারে। ফলে সে মৎস্য চাষ করতে গিয়ে কত টাকা খরচ করেছে সেটি যেমন খুব সহজে বুঝতে পারবে তেমনি বিক্রয়মূল্য কত হলে সে লাভবান হবে সেটিও নির্ধারণ করতে পারবে।

লাভ-ক্ষতির হিসাব রাখার ফলে কৃষক মূলত দুই ভাবে লাভবান হতে পারেনঃ

- ১) বিভিন্ন ধরনের মৎস্যের প্রকল্পের মধ্যে তুলনা করে অধিক লাভজনক মৎস্য চাষ প্রকল্প নির্বাচন করা,
- ২) কিভাবে চাষের খরচ কমানো যায় সে সব জায়গা চিহ্নিত করা। এর মাধ্যমে কৃষক তার পরিকল্পনাকৃত আয় এবং প্রকৃত আয়ের মধ্যে তুলনা করে কৃষিকে লাভজনক ব্যবসায় পরিণত করতে পারবে।

কিভাবে লাভ-ক্ষতির হিসাব রাখতে হবে?

লাভ-ক্ষতির হিসাব মূলত দুই ভাবে করা যায়, কাগজে কলমে (সংযুক্তি-১ এর একটি নমুনা দেওয়া হল) অথবা তথ্য প্রযুক্তি ব্যবহার করে (মোবাইল ফোন, কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব, এছাড়া নিকটস্থ তথ্য প্রযুক্তি কেন্দ্র থেকেও এ সেবাটি নেওয়া যায়)।

এখানে হিসাব রাখার জন্যে যে বিষয়গুলো বিবেচনা করা হয়ে থাকে সেগুলো হচ্ছে, ১. মৎস্য চাষের খরচসমূহ যেমন- চাষের খরচ বা শ্রমিকের মজুরী, পরিবহন, মাছের খাদ্য কেনা / পোনা কেনা, সেকিডিস্ট্র (মাপার যন্ত্র) কেনা, মাছ ধরার জাল কেনা, বায়ু দেয়ার যন্ত্র কেনা, প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ, ২. আয়ের উপাদান, যেমন- মাছের পরিমাণ এবং এর বিক্রয় মূল্য। এখানে সম্ভাব্য/ পরিকল্পনাকৃত/ আনুমানিক খরচ ও প্রকৃত খরচ লেখা হয় এবং সম্ভাব্য/ পরিকল্পনাকৃত/ আনুমানিক আয় ও প্রকৃত আয় উল্লেখ করে কত লাভ বা ক্ষতি হল সেটা নিরূপণ করা যায়। ফলে আশানুরূপ লাভের জন্যে কৃষক বিকল্প মৎস্য চাষ প্রকল্পের খোঁজ করতে পারবে ও বিকল্প মৎস্য প্রকল্প চাষ করে কৃষক তার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করতে পারবে।

তথ্য সূত্র : MEAS, CRS

সর্বশেষ সংযোজন : ২৪ ফেব্রুয়ারী, ২০১৬

যোগাযোগ : info@ekrishok.com

Visit: www.extension.org.bd for additional resources on agriculture, nutrition and extension

